সমকাল

তারিখ ....23 SEP 2015..
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২......

# মেডিকেলে পুনরায় ভর্তি পরীক্ষা নেওয়ার দাবি

■ সমকাল প্রতিবেদক

মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং ফাঁস হওয়া প্রশ্নে পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশের প্রতিবাদ ও নিন্দা জানিয়েছেন দেশের প্রখ্যাত ১০১ মেডিকেল শিক্ষক। তারা ফল বাতিল করে পুনরায় ভর্তি পরীক্ষা নেওয়ার জন্য সরকারের কাছে দাবি জানান।

**বিবৃতি | মানববন্ধন**

গতকাল মঙ্গলবার এক বিবৃতিতে তারা বলেন, পরীক্ষার আগের রাতে বিভিন্ন সামাজিক ও গণমাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা প্রকাশ পায়; যা পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে মিলে যায়। আইন-শৃঙ্খলা বাহিনীও এ কাজে জড়িত ওটিকয়েক ব্যক্তিকে আটক করে। তাদের তথ্য ও স্বীকারোক্তি অনুযায়ী প্রশ্নপত্র ফাঁসের প্রমাণ পাওয়া যায়। বিবৃতিদাতা শিক্ষকরা হলেন– অধ্যাপক ডা. এম এ মাজেদ, অধ্যাপক ডা. আ. বায়েস ভূইয়া, অধ্যাপক ডা. এম মবিন খান, অধ্যাপক ডা. খাদিজা বেগম, অধ্যাপক ডা. আবদুল মান্নান মিয়া, অধ্যাপক ডা. সায়েবা আক্তার, অধ্যাপক ডা. একেএম আজিজুল হক, অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন প্রমুখ।

অপরদিকে ফল বাতিল করে ফের পরীক্ষার দাবি জানিয়ে সরকারকে চার দিনের সময়সীমা বেঁধে দিয়েছেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। অন্যথায় আগামী ২৭ সেপ্টেম্বর স্বাস্থ্য মন্ত্রণালয় ঘেরাও করার হুমকি দিয়েছে আন্দোলনকারীরা। গতকাল দুপুরে শাহবাগে অবস্থান কর্মসূচি স্থগিত করে এ ঘোষণা দেন আন্দোলনের সমন্বয়ক লিয়ন।

একই দাবিতে মানববন্ধন করেছে ডক্টরস ফর হেলথ অ্যান্ড এনভায়রনমেন্ট ও জাতীয়তাবাদী ছাত্রদল। গতকাল মঙ্গলবার বিকেলে ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের ভারপ্রাপ্ত সভাপতি মামুনুর রশিদ ও সাধারণ সম্পাদক আকরামুল হাসান এক বিবৃতিতে এ দাবি জানান।